

## ক্যাপ্সার



### ক্যাপ্সার

ক্যাপ্সার হল শরীরের অনিয়ন্ত্রিত কোষ বিভাজন সংক্রান্ত রোগের সমষ্টি। সকল প্রাণীর শরীরের অসংখ্য ছোট ছোট কোষের দ্বারা তৈরি। এই কোষগুলো একটা নির্দিষ্ট সময় পরপর মারা যায় এবং সেই জায়গায় নতুন কোষ জন্ম নেয়। যদি কোন কারণে শরীরের কোন স্থানের স্থাভাবিক কোষগুলো অনিয়ন্ত্রিতভাবে বাঢ়তে থাকে তখন সেইখানে টিউমার সৃষ্টি হয় যা ম্যালিগ্ন্যান্ট হতে পারে। ম্যালিগ্ন্যান্ট টিউমার থেকেই ক্যাপ্সার জন্ম হয়। প্রাথমিক অবস্থায় ক্যাপ্সার রোগ সহজে ধরা না পড়ায় এই রোগে মৃত্যুর হার আশঙ্কাজনক। পুরুষ মানুষের ক্ষেত্রে মুখগঠনের ও ফুসফুসের ক্যাপ্সার এবং মহিলাদের ক্ষেত্রে স্তন, জরায়ু মুখের ক্যাপ্সার বেশি দেখা যায়। ক্যাপ্সারে আক্রান্ত হওয়ার প্রাথমিক পর্যায়ে স্ক্রিনিং করে যদি চিহ্নিত করা যায় তবে তা নিরাময় করা সম্ভব।

### যেসকল করণে ক্যাপ্সারে আক্রান্ত হয়

**পরিবারিক ইতিহাস:** ক্যাপ্সারের অন্যতম প্রধান কারণ এর সাথে জিনগত সম্পর্ক। পরিবারের কারো যদি ক্যাপ্সারে আক্রান্ত হওয়ার ঘটনা থাকে তাহলে অন্যদেরও ক্যাপ্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি প্রবলভাবে বিদ্যমান থাকে।

**বয়স:** মানুষের বয়স বাড়ার সাথে সাথে ক্যাপ্সারে আক্রান্ত হবার ঝুঁকি বেড়ে যায়। এক পরিসংখ্যানে দেখা যায় ক্যাপ্সার আক্রান্তদের শতকরা ৭০ ভাগেরই বয়স ৬০ বছরের ওপর।

**খাবার:** পান-সুপারি, জর্দা ও ধূমপান -এর সাথে ফুসফুস, মুখ ও কর্ণনালীর এবং মদ্যপানের সাথে যকৃৎ বা লিভারের ক্যাপ্সারের যোগাযোগ রয়েছে।